

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ০৫

তারিখ:-----  
মার্চ ০৪, ২০১৪  
ফাল্গুন ২০, ১৪২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সব তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**গ্রাইভেট Port/ Inland Container Depot (ICD)/Off-Dock Terminal/  
Container Freight Station কে পরিশোধিত অর্থের উপর উৎসে আয়কর কর্তন প্রসংগে।**

জাতীয় রাজস্ব বোর্ড এর জানুয়ারি ২৩, ২০১৪ তারিখের নথি নং-০৮.০১.০০০০.০৩০.০৭.০০৩.২০১৩.১৮৪ আপনাদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে অপর পৃষ্ঠায় হুবহু পুনর্মুদ্রিত হলো।

০২। জাতীয় রাজস্ব বোর্ডের বর্ণিত নির্দেশনা আপনাদের সকল শাখাকে অবিলম্বে অনুসরণ এবং তার পরিপালন নিশ্চিত করার জন্য আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আনোয়ারুল ইসলাম)  
উপমহাব্যবস্থাপক  
ফোনঃ ৯৫৩০০৮৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন, সেগুন বাগিচা, ঢাকা।  
[কর নীতি শাখা]

নথি নং- ০৮.০১.০০০০.০৩০.০৭.০০৩.২০১৩.১৮৪

তারিখ : ২৩.০১.২০১৪

**বিষয়ঃ প্রাইভেট Port/ Inland Container Depot (ICD)/ Off-Dock Terminal/  
Container Freight Station কে পরিশোধিত অর্থের উপর উৎসে আয়কর কর্তন প্রসংগে।**

আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২এএ ধারার বিধান অনুসারে উক্ত অধ্যাদেশের Chapter VII এ বর্ণিত সুনির্দিষ্ট সার্ভিস সমূহ ব্যতিত অন্য যে কোন সেবা প্রদানের জন্য প্রদেয় অর্থের উপর ১০% হারে উৎসে আয়কর কর্তনের বিধান রয়েছে।

প্রাইভেট Port/Inland Container Depot (ICD)/Off-Dock Terminal/Container Freight Station কে স্টাফিং, কনটেইনার হ্যান্ডলিং, ট্রান্সপোর্টেশন, ডকুমেন্টেশন, কনটেইনার সংরক্ষণের স্থান বরাদ্দ ইত্যাদি সার্ভিসের জন্য পরিশোধিত অর্থ হতে অর্থ পরিশোধকারীগণ (আমদানী/রপ্তানীকারক, Freight forwarder, Shipping Agent সহ এই সকল প্রাইভেট বন্দর সার্ভিস ব্যবহারকারী কর্তৃপক্ষ, কর্পোরেশন, কোম্পানী, ব্যাংক, ইস্যুরেন্স ইত্যাদি) উৎসে কর কর্তন করবে কিনা সে বিষয়ে মাঠ পর্যায়ে বিভ্রান্তি আছে বলে জাতীয় রাজস্ব বোর্ড অবহিত হয়েছে।

এমতাবস্থায়, জাতীয় রাজস্ব বোর্ড এই মর্মে স্পষ্টীকরণ করছে যে, প্রাইভেট Port/Inland Container Depot (ICD)/Off-Dock Terminal/Container Freight Station কর্তৃক সম্পাদিত স্টাফিং, কনটেইনার হ্যান্ডলিং, ট্রান্সপোর্টেশন, ডকুমেন্টেশন, কনটেইনার সংরক্ষণের স্থান বরাদ্দ ইত্যাদি সার্ভিসের জন্য প্রদেয় অর্থের উপর অর্থ পরিশোধকারীগণকে (আমদানী/রপ্তানীকারক, Freight forwarder, Shipping Agent সহ এই সকল প্রাইভেট বন্দর সার্ভিস ব্যবহারকারী কর্তৃপক্ষ, কর্পোরেশন, কোম্পানী, ব্যাংক, ইস্যুরেন্স ইত্যাদি) আয়কর অধ্যাদেশ, ১৯৮৪ এর ৫২এএ ধারা অনুসারে অর্থ পরিশোধকালে ১০% হারে উৎসে কর কর্তন করতে হবে।

স্বাঃ-

মোঃ আব্দুর রহমান খান এফসিএমএ  
প্রথম সচিব (কর নীতি)  
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।